

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোহার, ঢাকা।
www.dohar.dhaka.gov.bd

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে প্রত্নতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মো: জাকির হোসেন উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ	:	১১ মার্চ ২০২৪ খ্রি:
সময়	:	বেলা ১১.০০ টা
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'


সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সভার কাজ শুরু করা হয়। অতঃপর ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কার্যবিবরণী ও গৃহীত কর্মসূচিসমূহ সভায় পাঠ করে শুনানো হয়। ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সুচিন্তিত মতামত ও সুপারিশ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়।

২। উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের মতামত এবং সুপারিশের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনান্তে দোহার উপজেলায় ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

তারিখ	কর্মসূচি	স্থান	সময়	বাস্তবায়নে
২৫/০৩/২৪	২৫ মার্চ গণহত্যা উপলক্ষে আলোচনা সভা	উপজেলা পরিষদ সভাকক্ষ	সকাল ১১.০০ টা	সংশ্লিষ্ট সকল।
২৫/০৩/২৪	গণহত্যার উপর আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান	উপজেলা পরিষদ প্রাঙ্গণ	সকাল ১২.০০ টা	উপজেলা সহকারী প্রোগ্রামার ও উপজেলা শিল্পকলা একাডেমি, দোহার, ঢাকা।
২৫/০৩/২৪	২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা।	সকল মসজিদ মন্দির/ গীর্জা	বাদ যোহর সুবিধাজনক সময়ে	স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধানগণ।
২৫/০৩/২৪	০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট ও মোমবাতি প্রজ্জলন	উপজেলা পরিষদ মুক্তমঞ্চ	রাত ১০.০০ থেকে ১০.০১ মিনিট	উপজেলা প্রশাসন ও ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পল্লী বিদ্যুৎ সমিতি ঢাকা-২ ও উপজেলা শিল্পকলা একাডেমি, দোহার, ঢাকা।

- জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে প্রতিটি ইউনিয়ন পরিষদে দিবসটি উদযাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ডিজিএম, পল্লীবিদ্যুৎ, পল্লী বিদ্যুৎ সমিতি ঢাকা-২, দোহার, ঢাকাকে দোহার উপজেলায় ২৫.০৩.২০২৪ তারিখ রাত ১০.০০ হতে ১০.০১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিট কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত বিদ্যুৎ বন্ধ রাখার জন্য অনুরোধ জানানো হয়।
- দোহার উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযথ মর্যাদার সাথে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোহার, ঢাকাকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২০২৪/০৩/২৫
(মো: জাকির হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা।

ফোন: ০২-৯৯৬৬৫৮০০৭

E-mail: unodohar@gmail.com


নম্বর: ০৫.৪১.২৬১৮.০০০.২০.০০১.২০- ১৫৯/২

তারিখ:

২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/ কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ০১। জনাব সালমান ফজলুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-১ এবং মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারী শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা।
- ০২। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা।
- ০৪। মেয়র, দোহার পৌরসভা, ঢাকা।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা।
- ০৬। উপজেলা অফিসার/ অফিসার ইন-চার্জ, দোহার, ঢাকা।
- ০৭। চেয়ারম্যান..... (সকল) ইউনিয়ন পরিষদ, দোহার, ঢাকা।
- ০৮। সভাপতি/ সা: সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, দোহার, ঢাকা।
- ০৯। সভাপতি/ সা: সম্পাদক, মাধ্যমিক শিক্ষক সমিতি, দোহার, ঢাকা।
- ১০। সভাপতি/ সা: সম্পাদক, দোহার প্রেস ক্লাব, দোহার, ঢাকা।
- ১১। সভাপতি/ সা: সম্পাদক, উপজেলা যুবলীগ/ কৃষকলীগ/ স্বৈচ্ছসেবক লীগ/ ছাত্রলীগ/ শ্রমিক লীগ, দোহার, ঢাকা।
- ১২। কমিশনার, উপজেলা স্কাউট, দোহার, ঢাকা।
- ১৩। সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমি, দোহার, ঢাকা।
- ১৪। বীর মুক্তিযোদ্ধা জনাব রজ্জব আলী মোল্লা
- ১৫। বীর মুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন
- ১৬। জনাব.....।
- ১৭। অফিস কপি।


১১/০৩/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা।